

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১২, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ/২৬ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০৪.২১-০৯।—“স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮-৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ৩০ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখে ১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৬৪৫ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনী অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ৪নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৫ (পাঁচ) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ১৪ জানুয়ারি, ২০২২ খ্রিঃ হতে ১৮ জানুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রমিক	জেলার নাম	পৌরসভার নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
১	চট্টগ্রাম	বাঁশখালী	জনাব মাইনুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাঁশখালী চৌকি, চট্টগ্রাম
২	নোয়াখালী	নোয়াখালী	জনাব মোঃ ইকবাল হোসাইন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নোয়াখালী

(৭৪৭)

মূল্য : টাকা ৪-০০

১	২	৩	৪
৩	যশোর	বিকরগাছা	জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর
৪	নাটোর	বাগতিপাড়া	জনাব মোঃ মেহেদী হাসান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর
৫		নাটোর	জনাব মোঃ মোসলেম উদ্দীন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম:.....

পৌরসভার নাম:.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোছাঃ শাহীনুর আক্তার

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd